

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 12-11-2025  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মাতাবাড়ি পর্যটন সার্কিট প্রকল্প বাস্তবায়নে মুখ্যমন্ত্রীকে সার্বিক সহযোগিতার আশ্বাস দিলেন কেন্দ্রীয় উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী।
- (২) জল সঞ্চয় ক্ষেত্রে অসাধারণ সাফল্যের জন্য উত্তর ত্রিপুরা জেলাকে উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে সেরা জেলা হিসাবে জল সঞ্চয় - জনভাগিদারি পুরস্কারের জন্য মনোনীত করা হয়েছে।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পুনরায় বলেছেন, নতুন দিল্লিতে বিস্ফোরণে জড়িতদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে সরকার অঙ্গীকারবদ্ধ।
- (৪) আগামী বছর জানুয়ারির প্রথম সপ্তাহ থেকে আগরতলা বই মেলা শুরু হবে।

\*\*\*\*\*

**CM-Matabari Project Circuit :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ চিফ মিনিস্টারস্ ওয়ার রুমে উত্তর-পূর্বাঞ্চলীয় উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়ার সঙ্গে প্রস্তাবিত মাতাবাড়ি পর্যটন সার্কিট প্রকল্প নিয়ে ভার্চুয়াল ভাবে আলোচনা করেন। মুখ্যমন্ত্রী বলেন ত্রিপুরার বৈচিত্র্যময় প্রাকৃতিক সৌন্দর্য, সাংস্কৃতিক ঐতিহ্য এবং আধ্যাত্মিক ভ্রমণপথ প্রতিফলিত করে। আগরতলা - নীরমহল - সিপাহিজলা - উদয়পুর - ছবিমুড়া - দুমুরকে অন্তর্ভুক্ত করে এই সার্কিটটি ৪ রাত, ৫ দিনের ভ্রমণপথ হিসেবে পরিকল্পনা করা হয়েছে। তিনি জানান বৈঠকে উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী প্রস্তাবের প্রতি ইতিবাচক প্রতিক্রিয়া ব্যক্ত করেন এবং সার্কিটের বিভিন্ন উন্নয়নমূলক উপাদানের তহবিলের জন্য সহায়তার আশ্বাস দেন।

\*\*\*\*\*

### Unity Promo Fest :

পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, ইউনিটি প্রমো ফেস্ট-২০২৫ আয়োজনের জন্য ডোনার মন্ত্রক রাজ্য সরকারের প্রশংসা করেছে। ডোনার মন্ত্রক মনে করে ইউনিটি প্রমো ফেস্ট-২০২৫ রাজ্যের অর্থনীতিকে মজবুত করতে, শান্তি, সম্প্রীতি এবং ঐক্যের একটি শক্তিশালী বার্তা ছড়িয়ে দেবে। এদিকে, পর্যটন দপ্তর সূত্রে জানা গেছে, আগামী ১৫ই নভেম্বর বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজ মাঠে ইউনিটি প্রমো ফেস্ট অনুষ্ঠিত হবে। উদ্বোধন করবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু।

\*\*\*\*\*

### Sports Minister :

সর্দার বল্লভভাই প্যাটেলের ১৫০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে উত্তর ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত পদযাত্রার সমাপনী অনুষ্ঠানে ধর্মনগরের বি.বি.আই প্রাপ্তন থেকে পদযাত্রায় অংশগ্রহণ করেন ক্রীড়ামন্ত্রী টিংকু রায়। উপস্থিত ছিলেন বিধায়ক যাদবলাল দেবনাথ, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা নাথ, জিলা পরিষদের সহকারী সভাধিপতি ভবতোষ দাস।

\*\*\*\*\*

### Unity March-Sepahijala :

রাষ্ট্রীয় একতা দিবস উদযাপনের অঙ্গ হিসেবে আজ সিপাহীজলা জেলাভিত্তিক "Unity March "বা একতার জন্য যাত্রা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসন ও যুব বিষয়ক ক্রীড়া দপ্তর আয়োজিত এই যাত্রার সূচনা করেন উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ। বিশালগড় রাস্তারমাথা ট্রাই-জংশনের সামনে থেকে শুরু হয়ে এই পদযাত্রা প্রায় ৭ কিলোমিটার পথ অতিক্রম করে সিপাহীজলা অভয়ারণ্যের মূল ফটকের সামনে এসে শেষ হয়। সাধারণ মানুষের পাশাপাশি হাতে জাতীয় পতাকা নিয়ে এই যাত্রায় অংশ নেন মন্ত্রী সহ

বিশিষ্ট ব্যক্তিবর্গ। উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক সুশান্ত দেব, অন্তরা সরকার দেব, তফাজ্জল হোসেন, বিশ্বজিৎ কলই প্রমুখ।

\*\*\*\*\*

#### **Unity March–South :**

দক্ষিণ জেলার জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি আজ এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, আগামী ১৪ই নভেম্বর দক্ষিণ জেলাভিত্তিক একতা যাত্রা অনুষ্ঠিত হবে। ঐদিন সকাল ৭টায় বিলোনিয়ার কলেজ স্কোয়ার থেকে পদযাত্রা শুরু হয়ে ১০ কিমি পথ অতিক্রম করে বড়পাথরী বাজারে শেষ হবে।

\*\*\*\*\*

#### **Unity March–Gomati :**

গোমতী জেলার জেলাশাসক রিঙ্কু ল্যাথের আজ উদয়পুরে সাংবাদিক সম্মেলনে জানান, আগামী ১৫ই নভেম্বর গোমতী জেলায় জেলাভিত্তিক পদযাত্রা অনুষ্ঠিত হবে। ঐদিন সকাল ৭টায় গোমতী জেলাভিত্তিক পদযাত্রা স্পোর্টস গ্রাউন্ড প্রাঙ্গণ থেকে শুরু হবে এবং মাতাবাড়ি মন্দির প্রাঙ্গণে শেষ হবে। এই পদযাত্রার সঙ্গে বৃক্ষরোপন, সাফাই অভিযান ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হবে। এই পদযাত্রার সূচনা করবেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়।

\*\*\*\*\*

#### **Jal Sanchay Jan Bhagidari Award :**

জল সঞ্চয় ক্ষেত্রে অসাধারণ সাফল্যের জন্য উত্তর ত্রিপুরা জেলাকে উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে সেরা জেলা হিসাবে জল সঞ্চয় জনভাগিদারি পুরস্কারের জন্য মনোনীত করা হয়েছে। রাষ্ট্রপতি দ্রোপদী মূর্মু আগামী ১৮ই নভেম্বর নতুন দিল্লিতে বিজ্ঞান ভবনে এক অনুষ্ঠানে এই পুরস্কার প্রদান করবেন। এখানে উল্লেখ্য এবছর জাতীয় জল পুরস্কার পাচ্ছে সিপাহীজলা জেলা।

\*\*\*\*\*

### **Achievement-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ জানিয়েছেন, গতকাল নতুনদিল্লিতে অনুষ্ঠিত উদ্যোগ সমাগম ২০২৫-এ, ত্রিপুরাকে ব্যবসায়িক সংস্কার কর্মপরিকল্পনা, BRAP ২০২৪-এর অধীনে দুটি ব্যবসা-কেন্দ্রিক সংস্কার, ব্যবসায় প্রবেশ ও শ্রম নিয়ন্ত্রণ সক্ষমতার ক্ষেত্রে শীর্ষ স্থান অর্জনকারী হিসেবে পুরস্কার প্রদান করা হয়েছে। তিনি জানান কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযুষ গোয়েল রাজ্যের শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমার হাতে এই পুরস্কার তুলে দেন।

\*\*\*\*\*

### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

##### Sound Byte #####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### **PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পুনরায় বলেছেন, নতুন দিল্লিতে বিস্ফোরণে জড়িতদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে সরকার অঙ্গীকারবদ্ধ। এই

বিস্ফোরণের চক্রান্তকারীদের কাউকে ছাড়া হবে না। সামাজিক মাধ্যম এক্স-এ এক বার্তায় তিনি আজ একথা বলেন। প্রধানমন্ত্রী আজ লোকনায়ক জয়প্রকাশ নারায়ণ হাসপাতালে গিয়ে সোমবার নতুন দিল্লিতে বিস্ফোরণের ঘটনায় আহতদের সঙ্গে দেখা করেন। তিনি তাদের দ্রুত আরোগ্য কামনা করেন। দুদিনের ভূটান সফর শেষে আজ নতুন দিল্লিতে অবতরণ করেই প্রধানমন্ত্রী হাসপাতালে পৌঁছান।

\*\*\*\*\*

#### **Package Story–Public Service Broadcasting Day :**

আজ জন সম্প্রচার দিবস। রেডিওর মাধ্যমে জাতির জনক মহাত্মা গান্ধীর ঐতিহাসিক ভাষণকে স্মরণে রেখে প্রতিবছর ১২ই নভেম্বর দিনটি পালন করা হয়। ভারতের সম্প্রচার জগতের ইতিহাসে এই দিনটি উল্লেখযোগ্য হয়ে রয়েছে। এই নিয়ে একটি প্রতিবেদন।

#####VC#####

\*\*\*\*\*

#### **World Pneumonia Day :**

আজ বিশ্ব নিউমোনিয়া দিবস। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাদ্ডা বিশ্ব নিউমোনিয়া দিবসে প্রতিটি শিশুকে নিউমোনিয়া থেকে রক্ষা করার জন্য সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন।

সামাজিক মাধ্যমে শ্রী নাদ্ডা জানান, সরকার শক্তিশালী স্বাস্থ্য ব্যবস্থা এবং সম্প্রদায়গত সচেতনতার মাধ্যমে শৈশবকালীন নিউমোনিয়া কমাতে সামাজিক সচেতনতা এবং নিউমোনিয়া সফলভাবে নিয়ন্ত্রণ করার পদক্ষেপ-SAANS উদ্যোগ চালু করেছে।

\*\*\*\*\*

#### **Book Fair :**

আগামী বছর জানুয়ারি প্রথম সপ্তাহ থেকে আগরতলা বই মেলা শুরু হবে। আজ আগরতলা সুকান্ত একাডেমিতে আগরতলা বইমেলা প্রস্তুতির বিষয়ে এক বৈঠক এই সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠকে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহ রায়, উচ্চ শিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, পশ্চিম জেলা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি বিশ্বজিৎ শীল প্রমুখ। বৈঠক শেষে তথ্য সংস্কৃতি দপ্তরের সচিব প্রদীপ চক্রবর্তী জানান, আগরতলা বইমেলার সময়সূচী ও স্থান সম্পর্কে পরে সিদ্ধান্ত নেওয়া হবে।

\*\*\*\*\*

#### **NIA at Agartala :**

উত্তর ত্রিপুরা ও উনকোটী জেলায় কয়েকটি স্থানে আজ এন.আই.এ অভিযান চালিয়েছে। পুলিশ সদর দপ্তর সূত্রে জানা গেছে, ২০২৩ সালের বেআইনি অনুপ্রবেশের মামলায় তদন্তের জন্য গত ১০ নভেম্বর এনআইএ-এর একটি টিম রাজ্যে এসেছে। রাজ্য পুলিশকে সঙ্গে নিয়ে এনআইএ আধিকারিকরা আজ দুই জেলায় অভিযান করছে।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*